দৈনিক ইনকিলাব

ডকুমেন্টেশন কেন্দ্র

C27

## ভিসিদের সাথে বৈঠকে এরশাদ

# সরকার উচ্চতর শিক্ষার মানোন্নয়নে বদ্ধপরিকর

প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদ উচ্চতর শিক্ষাকে দেশ ও সমাজের চাহিদা উপযোগী করার লক্ষ্যে পর্যাপ্ত পদক্ষেপ গ্রহণের প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করেছেন।

তিনি গতকাল ঢাকায় আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের কমিটি কক্ষে বিশ্ববিদ্যালয়সমূহের ভাইস-চ্যান্সেলরদের নিয়মিত মাসিক বৈঠকে উদ্বোধনী মন্তব্যে একথা বলেন। তিনি বিশ্ববিদ্যালয়সমূহের চ্যান্সেলর। খবর বাসস'র।

প্রেসিডেন্ট এরশাদ বলেন, সরকার উচ্চতর শিক্ষার মানোন্নয়নে বদ্ধপরিকর। তিনি সরকারী নীতির সামঞ্জস্য রেখে এই লক্ষ্য অর্জনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহবান জানান।

বৈঠকে ভাইস-চ্যান্সেলরদের পূর্ববর্তী বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করা হয়।

বৈঠকে অবহিত করা হয় যে, চিকিৎসা মহাবিদ্যালয়গুলোর পাঠ্যসূচী ও পাঠ্যক্রম আধুনিকীকরণের জন্য সুপারিশ করার লক্ষ্যে জাতীয় প্রফেসর নূরুল ইসলামকে আহবায়ক করে একটি কমিটি গঠন করা হয়েছে।

বৈঠকে আরো জানানো হয় যে, কৃষি শিক্ষাকে দেশের চাহিদার সাথে অধিক সংগতিপূর্ণ করার লক্ষ্যে কৃষি বিশ্ববিদ্যালয়ের কোর্সসমূহের পাঠ্যসূচীকে পর্যালোচনা ও আধুনিকীকরণের নিমিত্তে সাবেক মন্ত্রী মাহবুবুজ্জামানকে আহবায়ক করে আরো একটি কমিটি গঠন করা হয়েছে।

বৈঠকে বিভিন্ন পরীক্ষায় অসদুপায় বন্ধের লক্ষ্যে সরকার গৃহীত পদক্ষেপের প্রশংসা করা হয় এবং শিক্ষা মন্ত্রণালয়কে তার প্রচেষ্টা চালিয়ে যাওয়ার আহবান জানানো হয়।

বৈঠকে সিদ্ধান্ত গৃহীত হয় যে, ডিগ্রী পরীক্ষাসমূহে অসদুপায় বন্ধের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে এবং ধীরে ধীরে পরীক্ষা কেন্দ্রের সংখ্যা হ্রাস করা হবে যাতে করে কেন্দ্রগুলো শুধুমাত্র জেলা সদরে সীমাবদ্ধ থাকে।

বৈঠকে আরো সিদ্ধান্ত গ্রহণ করা হয় যে, যেসব স্থানে এইচএসসি পরীক্ষার কেন্দ্র নেই সে সব স্থানে ডিগ্রী পরীক্ষার কেন্দ্র স্থাপনের অনুমতি দেয়া হবে না।

বৈঠকে সব বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলরগণ ছাড়াও শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম, শিক্ষা প্রতিমন্ত্রী নিতাই রায় চৌধুরী; জাতীয় প্রফেসর ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান সৈয়দ আলী আহসান, প্রেসিডেন্টের মুখ্য সচিব এ, এইচ, সিদ্দিক এবং শিক্ষা সচিব হেদায়েত আহমদ উপস্থিত ছিলেন।